দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JUN. 7 .. 1999 ...
পৃষ্ঠা 2 কলাম ৩

197

# শিক্ষক সমিতি ফেডারেশন বাজেট অধিবেশনকালে ১৫ দফা দাবি পেশ করবে

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন শিক্ষকদের পেশাগত স্বার্থ এবং শিক্ষার উন্নয়নের লক্ষ্যে প্রণীত ১৫ দফা দাবি জাতীয় সংসদের বাজেট অধিবেশন চলাকালে প্রধানমন্ত্রী, শিক্ষামন্ত্রীসহ সব সংসদ সদস্যের কাছে পেশ করবে।

ফেডারেশনের ১৫ দফা দাবির মধ্যে রয়েছে বেসরকারী স্কুল-কলেজের শিক্ষক-কর্মচারীদের বেতন ৮০% হতে ১০০%-এ উন্নীত করা, রাজস্ব ও উন্নয়ন খাতে শিক্ষার জন্য বরাদ্দকৃত অর্থ ছাত্রসংখ্যার অনুপাতে বণ্টন, শিক্ষা প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন কর প্রমার্জন ইত্যাদি।

শিক্ষক সমিতি ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারি জেনারেল অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ একেএম জহিরুল ইসলাম, সরকারী কলেজ শিক্ষক পরিষদের সভাপতি অধ্যক্ষ আলী আকবর খান, শিক্ষক সমিতির মহাসচিব সেলিম ভূইয়া এবং সরকারী মাধ্যমিক শিক্ষক সমিতির মহাসচিব মোঃ তোহা এক বিবৃতিতে ২২ জুলাই ফেডারেশনের প্রতিনিধি সমাবেশে যোগ দেয়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন। -বিজ্ঞপ্তি।